অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(স্থানীয় সরকার শাখা)
www.sylhet.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং: ০৫.৬০.৯১০০.০০৯.৩৯.০০১.১৬.৭৬৭ (৩২)

তারিখ: ২০/০৮/২০১৭ খ্রি.।

বিষয়: নির্ধারিত স্থানে কোরবানির পশু জবাই সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং ০৩.০৯২.০১৮.০০.০০.০০৮.(অংশ-৫).২০১৬- ৩১৯ ও ৩২০ তারিখ-১১.০৭.২০১৭ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমগ্র বাংলাদেশে পবিত্র ঈদ-উল-আযহা, ২০১৭ তে সিটি কর্পোরেশন, পৌরসভাসমূহ ও উপজেলা সদরে পবিত্র ঈদ-উল-আযহা পরবর্তী পরিবেশ দূষণ রোধ এবং জনস্বাস্থ্য সুরক্ষায় মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী কোরবানির পশু জবাই নিশ্চিতকরণে সরকার বদ্ধপরিকর। সিটি কর্পোরেশন/পৌরসভার নির্ধারিত স্থানে পশু কোরবানিদাতাদের স্বতঃস্ফূর্ত উপস্থিতির উপর এ সাফল্যের কার্যক্রম অনেকাংশে নির্ভর করে।

০২। এ বিষয়ে ইতোপূর্বে এ জেলায় একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এ পরিকল্পনা বাস্তবায়নে ইতোমধ্যে জেলায়, উপজেলা এবং পৌরসভায় বিভিন্ন সভা সেমিনারে ব্যাপক আলোচনা করে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং এতে প্রচুর জনসমর্থন পাওয়া গেছে। পবিত্র ঈদ-উল-আযহা অতি সন্নিকটে, সে কারণে সিটি কর্পোরেশন/পৌরসভা এবং উপজেলা সদর কর্তৃক নির্ধারিত স্থানে কোরবানির পশু নিয়ে আসার স্বপক্ষে জনমত গঠন, অব্যাহত প্রচার, উপজেলা প্রশাসনসহ বিভিন্ন সরকারি বিভাগের কর্মকর্তাদের পশু কোরবানির জন্য পৌরসভার নির্ধারিত স্থানে নিয়ে যাওয়ার অগ্রিম ঘোষণা, স্থানীয় চাহিদার নিরিখে পর্যাপ্ত স্থান নির্ধারণ, স্থানগুলোকে আকর্ষণীয় করে তোলা, কোরবানির অনুষ্ঠান নির্বিঘ্ন করা, আইন শৃংখলা রক্ষাসহ সরকারের বিভিন্ন বিভাগ, সুশীল সমাজ, ধর্মীয় নেতা, সকল মিডিয়ার সমন্বয়ে সরকারের এ উদ্যোগকে সফল করা আবশ্যক। উপজেলাস্থ সকল মসজিদের ইমামগণকে প্রতিটি জুম্মার নামাজের খুৎবার সময় এ বিষয়ে বয়ান করার নির্দেশনা প্রদান করা প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, আপনার ব্যক্তিগত উদ্যোগ একান্ত কাম্য। উপজেলা প্রশাসনের কর্মকর্তাদেরকে নিয়ে প্রণীত কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়নসহ যত্রতত্র পশু জবাই রোধে নির্ধারিত স্থানে নিজ কোরবানির পশুটি জবাই করে নজির স্থাপনের জন্য এবং এ কার্যক্রমের আওতায় উপজেলা এবং পৌরসভা সদরে অবস্থিত ইউনিয়ন পরিষদের অধিক্ষেত্রেও এ কার্যক্রম চালানোর জন্য অনুরোধ করা হলো।

২০.৮.১৭
(মো: রাহাত আনোয়ার)
জেলা প্রশাসক
সিলেট।
ফোন-০৮২১-৭১৬১০০(অ:)।

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, -------------------------------, (সকল) সিলেট।
০২। মেয়র, বিয়ানীবাজার/গোলাপগঞ্জ পৌরসভা, সিলেট।
০৩। উপজেলা নির্বাহী অফিসার,---------------------------, (সকল) সিলেট।
০৪। মেয়র, কানাইঘাট/জকিগঞ্জ পৌরসভা, সিলেট।

অনুলিপি: সদয় অবগতির জন্য।
০১। মহাপরিচালক, গভনের্ন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(স্থানীয় সরকার শাখা)
www.sylhet.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং: ০৫.৬০.৯১০০.০০৯.৩৯.০০১.১৬. ৭৬৮(৩) তারিখ: ২০/০৮/২০১৭ খ্রি.।

বিষয়: নির্ধারিত স্থানে কোরবানির পশু জবাই সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং ০৩.০৯২.০১৮.০০.০০.০০৮.(অংশ-৫).২০১৬- ৩১৯ ও ৩২০ তারিখ-১১.০৭.২০১৭ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পবিত্র ঈদ-উল-আযহা, ২০১৭ তে সিটি কর্পোরেশন, পৌরসভাসমূহ এবং উপজেলা সদরে পবিত্র ঈদ-উল-আযহা পরবর্তী পরিবেশ দূষণ রোধ এবং জনস্বাস্থ্য সুরক্ষায় মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী সমগ্র বাংলাদেশে কোরবানির পশু নির্ধারিত স্থানে জবাই নিশ্চিতকরণে সরকার বদ্ধপরিকর। সিটি কর্পোরেশন, উপজেলা ও পৌরসভার নির্ধারিত স্থানে পশু কোরবানিদাতাদের স্বতঃস্ফূর্ত উপস্থিতির উপর এ সাফল্যের কার্যক্রম অনেকাংশে নির্ভর করে।

০২। এ বিষয়ে ইতোপূর্বে এ জেলায় একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এ পরিকল্পনা বাস্তবায়নে ইতোমধ্যে জেলায়, উপজেলা এবং পৌরসভায় বিভিন্ন সভা সেমিনারে ব্যাপক আলোচনা করা হয়েছে এবং এতে প্রচুর জনসমর্থন পাওয়া গিয়েছে। পবিত্র ঈদ-উল-আযহা অতি সন্নিকটে। ফলে সিটি কর্পোরেশেন, পৌরসভা ও উপজেলা কর্তৃক নির্ধারিত স্থানে কোরবানির পশু নিয়ে আসার স্বপক্ষে জনমত গঠন, অব্যাহত প্রচার, উপজেলা প্রশাসনসহ বিভিন্ন সরকারি বিভাগের কর্মকর্তাদের পশু কোরবানির জন্য সিটি কর্পোরেশন, পৌরসভা এবং উপজেলার নির্ধারিত স্থানে নিয়ে যাওয়ার অগ্রিম ঘোষণা, স্থানীয় চাহিদার নিরিখে পর্যাপ্ত স্থান নির্ধারণ, স্থানগুলোকে আকর্ষণীয় করে তোলা, কোরবানির অনুষ্ঠান নির্বিঘ্ন করা, আইন শৃংখলা রক্ষাসহ সরকারের বিভিন্ন বিভাগ, সুশীল সমাজ, ধর্মীয় নেতা, সকল মিডিয়ার সমন্বয়ে সরকারের এ উদ্যোগকে সফল করে তোলার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, এ বিষয়ে আপনার ব্যক্তিগত উদ্যোগ একান্ত কাম্য। জেলা প্রশাসনের কর্মকর্তাদেরকে নিয়ে প্রণীত কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়নসহ যত্রতত্র পশু জবাই রোধে নির্ধারিত স্থানে কোরবানির পশু জবাই করে নজির স্থাপনের জন্য জেলাস্থ সকল মসজিদের ইমামগণকে প্রতিটি জুম্মার নামাজের খুৎবার সময় এ বিষয়ে সহজ সরল ভাষায় বয়ান করার নির্দেশনা প্রদানের জন্য পুনরায় বিশেষভাবে অনুরোধ করা হলো।

২০.৮.১৭

(মো: রাহাত আনোয়ার)
জেলা প্রশাসক
সিলেট।
ফোন-০৮২১-৭১৬১০০(অ:)।

উপপরিচালক
ইসলামিক ফাউন্ডেশন
সিলেট।

অনুলিপি: সদয় অবগতির জন্য।

০১। মহাপরিচালক, গভনের্ন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(স্থানীয় সরকার শাখা)
www.sylhet.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং: ০৫.৬০.৯১০০.০০৯.৩৯.০০১.১৬. ৭৯৭ (৩৩)

তারিখ: ২০/০৮/২০১৭ খ্রি.।

বিষয়: নির্ধারিত স্থানে কোরবানির পশু জবাই সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: বিভাগীয় কমিশনার কার্যালয়ের স্মারক নং ৪৬.৪৬.০০০০.০০৭..৯৯.০০৮.১৭.৫৯০ তারিখ-০৬.০৮.২০১৭ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমগ্র বাংলাদেশে পবিত্র ঈদ-উল-আযহা, ২০১৭ তে সিটি কর্পোরেশন, পৌরসভাসমূহ ও উপজেলা সদরে পবিত্র ঈদ-উল-আযহা পরবর্তী পরিবেশ দূষণ রোধ এবং জনস্বাস্থ্য সুরক্ষায় মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী কোরবানির পশু জবাই নিশ্চিতকরণে সরকার বদ্ধপরিকর। সিটি কর্পোরেশন/পৌরসভার নির্ধারিত স্থানে পশু কোরবানিদাতাদের স্বতঃস্ফূর্ত উপস্থিতির উপর এ সাফল্যের কার্যক্রম অনেকাংশে নির্ভর করে। জেলা প্রশাসক সম্মেলন, ২০১৭ এ নির্ধারিত স্থানে কোরবানীর পশু জবাই নিশ্চিতকরণে সিটি কর্পোরেশন, পৌরসভা ও উপজেলা পর্যায়ে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

"করণীয়"

০১। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসনের পরিপ্রেক্ষিতে তাঁর উপজেলা/পৌরসভার জন্য প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম পৌরসভা ও উপজেলার সকল পর্যায়ের জনগণকে অবহিত করা।
০২। উপজেলার ইমাম, মাওলানা, কসাই ও কোরবানির সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গের হালনাগাদ তালিকা প্রস্তুত করে তাদের দায়িত্ব বন্টন করা।
০৩। নির্ধারিত স্থান উপযোগীকরণের জন্য পানি, ড্রেনেজ ব্যবস্থা, সেড তৈরী করাসহ মাংস বিতরণের জন্য পরিবহন ব্যবস্থা নিশ্চিত করা
০৪। স্থান উপযোগী করণের জন্য উপজেলা এবং পৌরসভার নিজস্ব তহবিল হতে পর্যাপ্ত অর্থ বরাদ্দ করা।
০৫। জনমত গঠনে প্রচারণা "Door to Door" পৌঁছানোর জন্য কার্যকরী ব্যবস্থা নেয়া, প্রয়োজনে মাইকিং, বিজ্ঞাপনসহ বহুল প্রচারের ব্যবস্থা করা।
০৬। উপজেলা আইন শৃংখলা কমিটির সভায় এ বিষয়ে আইনশৃংখলা বহিনীকে নির্দেশ প্রদান করা।
০৭। বর্জ্য ব্যবস্থাপনার জন্য ডাম্পিং প্লেসের (Dumping Place) ব্যবস্থা করা।
০৮। যারা নিজ বাড়ির আঙ্গিনায় কোরবানি দেবেন তাদের কোরবানির বর্জ্য নির্ধারিত স্থানে জমা প্রদানের জন্য ব্যবস্থা করা।
০৯। জনগণকে বর্জ্য একত্রীভূত করার জন্য ব্যাগ সরবরাহের ব্যবস্থা করা।
১০। কোরবানির হাট ইজারা প্রদানকালে ইজারা গ্রহণকারীকে ভেটেরিনারি মেডিক্যাল টিম কর্তৃক সহায়তা করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা।

২০.৮.১৭
(মো: রাহাত আনোয়ার)
জেলা প্রশাসক
সিলেট।
ফোন-০৮২১-৭১৬১০০(অ:)।

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ------------------------------, (সকল) সিলেট।
০২। মেয়র, বিয়ানীবাজার/গোলাপগঞ্জ পৌরসভা, সিলেট।
০৩। উপজেলা নির্বাহী অফিসার,--------------------------, (সকল) সিলেট।
০৪। মেয়র, কানাইঘাট/জকিগঞ্জ পৌরসভা, সিলেট।
০৫। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট।

অনুলিপি: সদয় অবগতির জন্য।

০১। মহাপরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।